

যুগান্তর

প্রিন্ট: ০৪ মার্চ ২০২৫, ১০:৩৭ এএম

জাতীয়

ডেন্টাল ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, শীর্ষ ৩ জনই মেয়ে



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ০২ মার্চ ২০২৫, ১০:১০ পিএম



প্রতীকী ছবি

সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের (বিডিএস) ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে প্রাথমিকভাবে মোট ৫১৮ জন উত্তীর্ণ হয়েছেন। রোববার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এর আগে গত ২৮ ফেব্রুয়ারি বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশের ৯টি সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের (বিডিএস) ভর্তি পরীক্ষায় জাতীয় মেধাক্রমে প্রথম স্থান অর্জন করেছেন সুবর্ণা বড়ুয়া নামের এক শিক্ষার্থী। তিনি রাজউক উত্তরা মডেল কলেজের সাবেক শিক্ষার্থী।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, উত্তীর্ণ হওয়াদের মধ্যে উপজাতীয় কোটার শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে সনদ/প্রমাণকসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচায়ান্তে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। এ ছাড়া, ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরোদ্ভব সন্তানদের জন্য নির্ধারিত ২৭টি আসনের বরাদ্দকৃত প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফল পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখা হবে।

এ ছাড়া, ভর্তি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের জন্য আগামী ৬ থেকে ৯ মার্চের মধ্যে ১০০০ টাকা টেলিটক এসএমএসের মাধ্যমে জমা দিয়ে পরীক্ষার ফল পুনঃনিরীক্ষার জন্য আবেদন করা যাবে। পুনঃনিরীক্ষার ফল আবেদনকারীকে যথাসময়ে জানানো হবে। এ ব্যাপারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ফল পুনঃনিরীক্ষণ পদ্ধতি

টেলিটকের যেকোনো প্রিপেইড মোবাইল থেকে এসএমএস করতে হবে। ১ম SMS: DGME RSC Roll No লিখে পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। (যেমন DGME< Space>RSC1116000) ফিরতি Message এ একটি PIN নম্বর আসবে। ২য় SMS: ফি প্রদানের জন্য প্রাপ্ত PIN নম্বর দিয়ে SMS করতে হবে DGME RSCYESPIN এবং পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। যেমন: DGMERSCYES< Space>3699 ফিরতি SMS-এ ফি জমা বাবদ একটি প্রাপ্তি স্বীকার SMS পাওয়া যাবে।

ডেন্টালের ভর্তি পরীক্ষায় শীর্ষ তিনজনই মেয়ে

ডেন্টাল ভর্তি পরীক্ষায় জাতীয় মেধায় শীর্ষ তিনজনই মেয়ে। এরমধ্যে প্রথম হয়েছেন রাজউক উত্তরা মডেল কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্রী সুবর্ণা বড়ুয়া, দ্বিতীয় হয়েছেন ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্রী মাহবুবা খান এবং তৃতীয় হয়েছেন হলিক্রস কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্রী শ্রেয়া ঘোষ।

সরকারি বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ভর্তি পরীক্ষা গত শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছিলেন ৬৮ হাজার ৬৮৪ জন। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মোট আসন ৫৪৫টি।